



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ইতিহাস বিভাগে ‘অধ্যাপক ড. মোঃ এনামুল হক খান ফাউন্ডেশন’ বৃত্তি প্রদান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৪ সেপ্টেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে আজ ‘অধ্যাপক ড. মোঃ এনামুল হক খান ফাউন্ডেশন’ কর্তৃক মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হয়েছে। সকাল সাড়ে নয়টায় বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান। এ সময় তিনি বলেন, বৃত্তি শিক্ষার্থীদের জন্য প্রেরণা হিসেবে কাজ করে। এতে অন্য শিক্ষার্থীরাও উৎসাহিত হতে পারে। প্রয়াত অধ্যাপক ড. খানের জীবন-দর্শন জানার জন্য উপাচার্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার এবং কলা ও মানবিকী অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মোজাম্মেল হক। ইতিহাস বিভাগের সভাপতি অধ্যাপক ড. মোঃ এমরান জাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৃত্তি প্রদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ইতিহাস বিভাগের অধ্যাপক ড. এ কে এম জসীম উদ্দীন, প্রয়াত অধ্যাপক ড. খানের স্ত্রী অধ্যাপক শেফালী নানজীন প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন অধ্যাপক ড. আনিছা পারভীন। অধ্যাপক শেফালী নানজীন জানান, ইতিহাস বিভাগের ১ম বর্ষ (স্নাতক) সম্মান থেকে স্নাতকোত্তর পর্যন্ত প্রতি বর্ষে সর্বোচ্চ ভালো ফলাফল অর্জনকারী শিক্ষার্থীকে এই বৃত্তি দেওয়া হবে।

উল্লেখ্য, অধ্যাপক ড. মোঃ এনামুল হক খান ইতিহাস বিভাগের শিক্ষক ছিলেন। তিনি ইতিহাস বিভাগের চেয়ারম্যান, মওলানা ভাসানী হলের প্রভোস্ট এবং বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

